

মাত্র ৫শ' টাকা বেতন পান ১৫ হাজার কমিউনিটি শিক্ষক

যুগান্তর রিপোর্ট

পেশায় শিক্ষক। কিন্তু বেতন পান সরকারি কর্মচারী বেতন হারের তিনের এক ভাগেরও কম। দেশের সাড়ে ৩ হাজার কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ১৫ হাজার শিক্ষক মাত্র ৫০০ টাকা বেতনে শিক্ষকতা করছেন। মানবেতর জীবনযাপনের কারণে তারা সমাজে শিক্ষক পরিচয় দিতে লজ্জা পান। গতকাল এক সাংবাদিক সম্মেলনে এই শিক্ষকরা তাদের দুরবস্থার কথা তুলে ধরে বেতন বৃদ্ধি এবং আসন্ন বাজেটে এজন্য প্রয়োজনীয় উর্বর বরাদ্দের দাবি জানিয়েছেন। জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ মাহবুবুল হক। এ সময় সমিতির সভাপতি মোঃ হাফিজুর রহমান

খান, ও ম হুমায়ুন কবির, মোঃ হাদিউল ইসলাম, মোঃ আবুল কালাম আজাদ প্রমুখ উপস্থিত ছিলেন। তারা বলেন, যেখানে একজন এমএলএসএসএসের ম্যনুয়াল বেতন ১৬২৫ টাকা সেখানে স্নাতক বা স্নাতকোত্তর একজন শিক্ষককে ৫০০ টাকা বেতন দেয়া এই দেশকে অসম্মানের শামিল। হতদিন স্বাক্ষরিত রেজিস্টার্ড বেসরকারি ও কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের বেতন ভাতার বৈধতা দূর না হবে ততদিন প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন সম্ভব নয়।

শিক্ষকবৃন্দ বলেন, একই নীতিমালায় নিয়োগকৃত শিক্ষক একই প্যারামিটার অনুসরণসহ সমপর্ষদের দায়িত্ব পালনের পরও বেতন ভাতার ক্ষেত্রে ব্যাপক বৈষম্যের শিকার হবেন এটা মেনে নেয়া যায় না। তারা এ বিষয়টি সমাধানের জন্য প্রধানমন্ত্রী বেগম হালেদা হাজার হস্তক্ষেপ কামনা করেন।